প্রথম আলো

তারিখ ... JAN. 08 2002 ... ...
পৃষ্ঠা ১ ... কলাম ... ২......

# দাতাগোষ্ঠীর প্যারিস বৈঠকের আগে প্রশাসন সংস্কারের কিছু পদক্ষেপ নেওয়া হবে

শ্যামল সরকার

ন্যায়পাল নিয়োগ এবং জনপ্রশাসন সংস্কার কমিশনের সুপারিশ অনুযায়ী সরকার তার আয়তন ছোট করার উদ্যোগ

এরপর পৃষ্ঠা ২ কলাম ৮

## কিছু পদক্ষেপ নেওয়া হবে

প্রথম পৃষ্ঠার পর

নিয়েছে। প্রাথমিকভাবে সরকারের চারটি বিভাগ, দপ্তর ও অধিদপ্তর বিলুপ্ত করা হবে। এ ছাড়া প্রশাসনে শৃঙ্খলা আনতে চাকরির বিধিবিধান আরো কঠোরভাবে প্রয়োগ ও বাস্তবায়নের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। আগামী মার্চে প্যারিসে অনুষ্ঠেয় দাতাগোষ্ঠীর বৈঠকের আগেই এসব সিদ্ধান্ত কার্যকর করা হতে পারে বলে জানা গেছে।

সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, সুশাসন প্রতিষ্ঠা, বিশৃঙ্খলা ও দুর্নীতিমুক্ত প্রশাসন নিশ্চিত করা এবং মন্ত্রণালয়, বিভাগের সংখ্যা হ্রাস করা সম্পর্কিত 'জনপ্রশাসন সংস্কার কমিশনের সুপারিশ বাস্তবায়ন করতে দাতা সংস্থাগুলোর পক্ষ থেকে বাংলাদেশকে বারবার তাগিদ দেওয়া হচ্ছে। আগামী মার্চ মাসে অনুষ্ঠেয় প্যারিস কনসোর্টিয়াম বৈঠকে দাতাদের সন্তুষ্ট করতেই সরকার দ্রুত কয়েকটি সুপারিশ কার্যকরের সিদ্ধান্ত নিয়েছে।

প্রধানমন্ত্রীর মুখ্য সচিব ড. কামাল উদ্দিন সিদ্দিকী ইতিমধ্যেই 'জনপ্রশাসন সংস্কার কমিশনের অবাস্তবায়িত সুপারিশ পর্যালোচনা' সংক্রান্ত সচিব কমিটিকে ওই বৈঠকের আগেই দ্রুত এ ব্যাপারে পদক্ষেপ নিতে অনুরোধ জানিয়েছেন। সচিব কমিটি এ আলোকে বেশকিছু সিদ্ধান্ত গ্রহণ করেছে। এ কমিটি আগামী মার্চের মধ্যে বিলুপ্ত করা সম্ভব এমন চারটি বিভাগ, দপ্তর, পরিদপ্তর ও অধিদপ্তর চিহ্নিত করেছে। এগুলো হলো যমুনা সেতু বিভাগ, শিক্ষা তথ্য পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), বস্ত্র পরিদপ্তর এবং সরবরাহ ও পরিদর্শন অধিদপ্তর। এর মধ্যে যমুনা সেতু বিভাগকে সড়ক ও রেলপথ বিভাগের সঙ্গে এবং ব্যানবেইসকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের সঙ্গে একীভূত করার প্রস্তাব করা হচ্ছে।

গত ১৯ ডিসেম্বর অনুষ্ঠিত কমিটির প্রথম সভায় গৃহীত এসব সিদ্ধান্ত খসড়া প্রস্তাব আকারে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে পাঠানো হয়েছে। সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও বিভাগ এখন মন্ত্রিসভায় পেশ করার জন্য এসব প্রস্তাব চূড়ান্ত করছে।

সাবেক আওয়ামী লীগ সরকার জনপ্রশাসন সংস্কারের লক্ষ্যে সাবেক সচিব এ টি এম শামসুল হককে চেয়ারম্যান করে 'জনপ্রশাসন সংস্কার কমিশন' গঠন করে। কমিশন পর্যায়ক্রমে মোট ৩০টি সুপারিশ সরকারের কাছে পেশ করে। এর মধ্যে ছয়টি সুপারিশ সে আসলে বাস্তবায়িত হয়েছে।

সংশ্লিষ্ট সূত্র জানায়, জনপ্রশাসন সংস্কার কমিশনের সুপারিশ অনুযায়ী সংশ্লিষ্ট সচিব কমিটি আরো কয়েকটি সিদ্ধান্ত গ্রহণ করেছে। এসব সিদ্ধান্তের মধ্যে রয়েছে অডিট ও অ্যাকাউন্টস বিভাগ পৃথক করা, তিন বছর পূর্বের ইউটিলিটি বিল তামাদি ঘোষণা, ১৯৭৬ সালের সচিবালয় নির্দেশমালা সংশোধন এবং প্রশাসনে পদোন্নতির ক্ষেত্রে মেধাকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে পদোন্নতির নতুন নীতিমালা প্রণয়ন।